



বেলা—আমি জীবনের অর্ধেকটা ঘুমিয়ে কাটালাম, শৈশবে ও বার্ধক্যে আরও কতদিন কেটে গেল, প্রমোদকুঞ্জে নারী সঙ্গে মত্ত হয়ে রইলাম আরও কতদিন, তোমাকে কখন ভজনা করব? চতুরানন—সৃষ্টিকর্তা ব্রহ্মা। মরি মরি যাওত—মরে মরে যাচ্ছেন। কত চতুরানন, মরি মরি যাওত—সৃষ্টিকর্তা ব্রহ্মাও কতবার মরেছেন, ব্রহ্মাও বহুবার জন্ম-মৃত্যুর দ্বার অতিক্রম করেছেন। ন তুয়া আদি অবসানা—তোমার আদিও নেই, অবসানও নেই। তোহে—তোমাতেই, তোমার থেকেই। জনমি—জন্ম নিয়ে। সমাওত—সমাগত, প্রবিষ্ট হওয়া। সাগর-লহরী—সমুদ্রের তরঙ্গ। সাগর-লহরী সমানা—সাগরের বুক থেকেই উত্তাল তরঙ্গ ওঠে আবার তা সাগরেই বিলীন হয়ে যায়। কবি বলছেন, তেমনি তোমার থেকেই সৃষ্টিকর্তা ব্রহ্মা আবির্ভূত হয়ে জগৎ সৃষ্টি করে প্রলয়ের পর আবার তোমাতেই বিলীন হয়ে যান। কত শত বার ব্রহ্মার এমনি উদয় বিলয় ঘটছে, কিন্তু তোমার কোন পরিবর্তন নেই, তোমার আদিও নেই, অবসানও নেই। শমন ভয়—মৃত্যু ভয়। তুয়া বিনু—তুমি ছাড়া। গতি নাহি আরা—আর কোন গতি নেই। কহায়সি—বলা হয়। তারণ-ভার—ত্রাণের ভার। অব তারণ-ভার তোহারা—এখন ত্রাণের ভার তোমারই।